


- ৩। অধম উমা বলে চরণতলে দিও নারে ঠাই ।
তুমি জগৎ ভরে রেখ সুখে আমি যেন ডুবে যাই ॥

—উমাচরণ



৯১ নং

তাল—একতালা

আর কতকাল রাখবি দয়াল না দিয়ে ঠাই চরণে ।
কত দুঃখী-তাপী মহাপাপী পার হল নাম শ্রবণে ॥

- ১। দুঃখে দুঃখে জনম গেল, কোন দিন না সুখ হল ।
হরি তুমি যদি থাক ভাল, সুখ চাই না এ জীবনে ॥
- ২। তোমার আশায় ভবে আশা, সে আশা হল নিরাশা ।
হরি আমার সব কু-আশা, মশার বাসা সব প্রাঙ্গণে ॥
- ৩। লোকে কয় আশার অর্ধেক ফল,
আমার পক্ষে তা নয় প্রবল ।
আমার নিষ্ফল বৃক্ষে ফলে বিষফল
কেবল ছার কপাল গুণে ॥
- ৪। মাথায় করি আশার পশার, সাধু সৎ, না হল সুসার,
হরি তুমি মা হও আমার, কেউ নাই আমার ভুবনে ॥
- ৫। তারকচাঁদের প্রাণের উক্তি, গুরুচাঁদ সর্বশক্তি ।
যাদব যদি কর্তি ভক্তি, ঠাই পাতি নিকেতনে ॥

—যাদবচন্দ্র ঠাকুর